তারিখ 29 DEC 1995
পৃষ্ঠা ৬ কলাম ৫

দৈনিক বাংলা

# শিক্ষা ব্যবস্থা জাতীয়করণের দাবী

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি জনবল কাঠামো ও নিয়োগ নীতিমালা সম্পর্কে শিক্ষা সচিবের সাম্প্রতিক জারীকৃত আদেশ প্রত্যাহার এবং শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ করার আহ্বান জানিয়েছে।

বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সমিতি নেতৃবৃন্দ এ দাবী জানান। সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন সমিতির সভাপতি ডঃ এম আখতারুজ্জামান, সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোঃ শাহজাহান, সহ-সভাপতি অধ্যাপক শফিকুল মাওলা, ডঃ রঙ্গলাল সেন প্রমুখ। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির সহ-সভাপতি শফিকুল মাওলা।

লিখিত বক্তব্যে শিক্ষা সচিবের সাম্প্রতিক জারীকৃত জনবল কাঠামো ও নিয়োগ নীতিমালা সম্পর্কিত আদেশকে শিক্ষক স্বার্থবিরোধী ও শিক্ষা সংকোচনের একটি অপপ্রয়াস বলে অভিহিত করা হয়।

শিক্ষা সচিবের জারীকৃত জনবল কাঠামো ও নিয়োগ নীতিমালা সম্পর্কিত আদেশ সম্পর্কে সমিতির নেতৃবৃন্দ জানান, জারীকৃত এই নীতিমালায় বেসরকারী উচ্চ মাধ্যমিক ও স্নাতক কলেজসমূহের জন্য যেসব বাধ্যবাধকতা ও শর্তাবলী আরোপ করা হয়েছে, তাতে দেশের বেশীর ভাগ বেসরকারী কলেজ স্বাভাবিকভাবে বন্ধ হয়ে যাওয়ার উপক্রম হয়েছে। এই নীতিমালায় ছাত্রছাত্রীর সংখ্যা, পরীক্ষার ফলাফল ইত্যাদি সম্পর্কেও কিছু শর্ত আরোপ করা হয়েছে।

এছাড়া, প্রতিটি স্নাতক, উচ্চ মাধ্যমিক ও মহাবিদ্যালয় ইংরেজী ও বাংলায় মাত্র দু'জন শিক্ষক রাখার এবং প্রতিটি ঐচ্ছিক/ইলেকটিভ সাবজেক্টে মাত্র একজন করে শিক্ষক অনুমোদনের বাধ্যবাধকতা রাখা হয়েছে।

শিক্ষক সমিতির নেতৃবৃন্দ আরও বলেন, নীতিমালায় এমন অনেক অগণতান্ত্রিক ও কঠোর নিয়ম রাখা হয়েছে যা বিভিন্ন ক্যাডার সার্ভিসের ক্ষেত্রেও প্রযোজ্য নয়। কোন কোন নীতি শিক্ষকদের জন্য অবমাননাকর বলেও তারা উল্লেখ করেন। শিক্ষক সমিতির নেতৃবৃন্দ আরও জানান যে শিক্ষক কর্মচারীদের বিগত আন্দোলনের প্রেক্ষাপটে শিক্ষা মন্ত্রণালয়ের দেয়া বিভিন্ন প্রতিশ্রুতি এখনও বাস্তবায়ন হয়নি। এসব প্রতিশ্রুতি অবিলম্বে বাস্তবায়নের জন্য তারা দাবী জানান। বিভিন্ন প্রশ্নের জবাবে শিক্ষক সমিতির নেতৃবৃন্দ জানান যে তাঁদের এসব দাবী মেনে নেয়া না হলে সমিতি ভবিষ্যতে দাবী আদায়ের জন্য আন্দোলনের কর্মসূচী গ্রহণ করতে বাধ্য হবে।